

৩নং ডোয়াইল ইউনিয়ন পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।

সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ নাসির উদ্দিন
সভার তারিখ	: ০৫ আগস্ট ২০২০
সময়	: ১১.০০ ঘটিকায়
স্থান	: ইউপি অফিস কক্ষ

আলোচ্যসূচী:

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। জাতীয় শোক দিবস প্রসংগে আলোচনা।
- ৩। ওয়ার্ড সভার তারিখ, স্থান ও সময় নির্ধারণ প্রসংগে।
- ৪। ভূমি হস্তান্তর কর (১%) এর প্রসংগে।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিতকরণ করা হয়।

২নং আলোচ্যসূচী মোতাবেক সভাপতি সাহেব বলেন মহান মুক্তিযুদ্ধের সংগঠক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৫ আগস্ট ঘাতকের আঘাতে শহীদ হন। সেই উপলক্ষে সারাদিন ব্যাপী কর্মসূচী গ্রহন করা হোক। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত কর্মসূচী গ্রহন করা হলো:

- ১। সকাল ৬.০০টায় কালো ব্যচ ধারণ।
- ২। সকাল ৭.০০টায় জাতীয় ও কালো পতাকা উত্তোলন।
- ৩। আলোচনা সভা ও মিলাদ মাহফিল।

৩নং আলোচ্যসূচী মোতাবেক সভাপতি সাহেব বলেন ২০২০-২১ অর্থ বছরে ১ম পর্যায়ে ওয়ার্ড সভার তারিখ, স্থান ও সময় নির্ধারণ প্রসংগে আলোচনা করা হোক। বিস্তারিত আলোচনাক্রমে ওয়ার্ড ভিত্তিক নিম্নোক্ত তারিখ, স্থান ও সময় অনুযায়ী সভা করার জন্য সিদ্ধান্ত গৃহীত করা হলো।


ওয়ার্ড নং	তারিখ	স্থান	সময়	মন্তব্য
০১	২৩/০৮/২০২০	কুঠিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০২	২৪/০৮/২০২০	চাপারকোনা উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০৩	২৫/০৮/২০২০	বালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০৪	২৬/০৮/২০২০	রায়দেবপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০৫	২৭/০৮/২০২০	হাটবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০৬	৩০/০৮/২০২০	চর হাটবাড়ী দক্ষিণপাড়া মেম্বারের বাড়ীর উঠান	৩.০০টায়	
০৭	৩১/০৮/২০২০	কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০৮	০১/০৯/২০২০	দোলভিটি মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	
০৯	০২/০৯/২০২০	মাজালিয়া মোল্লাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩.০০টায়	

৪নং আলোচ্যসূচী মোতাবেক সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিতকরণ করা হয়। সভাপতি সাহেব বলেন স্থাবর সম্পত্তি হস্তান্তর কর (১%) অর্থ দ্বারা নিম্নেবর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মঞ্জুরীর প্রেক্ষিতে নিম্নোক্ত প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে।

ক্রমিক নং	প্রকল্পের নাম	টাকার পরিমাণ
১।	পঞ্চনন্দপুর বাজার হতে তেতুলতলা মোড় পর্যন্ত ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত	২,০০,০০০/-
	কথায়ঃ (দুই লক্ষ) টাকা	সর্বমোট= ২,০০,০০০/-

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনাক্রমে উপরোক্ত প্রকল্প বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অগ্রিম গ্রহন করিয়া বাকী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নিজ তহবিল হতে সরবরাহ করিয়া প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে বিধায় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ নাসির উদ্দিন)
চেয়ারম্যান
৩নং ডোমাইল ইউনিয়ন পরিষদ
সরিখাবাড়ী, জামালপুর।